

# শাবিপ্রবি ও ইস্ট ওয়েস্ট পাচ্ছে 'ডিজিটাল ওয়ার্ল্ড' পুরস্কার

আব্দুল্লাহ আল মনসুর, শাবিপ্রবি ও ইশতিয়াক মাহমুদ, ঢাকা ▷

তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে (আইসিটি) অবদান রাখায় 'ডিজিটাল ওয়ার্ল্ড-২০১৭' পুরস্কার পাচ্ছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবিপ্রবি) ও ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়। শিক্ষা মন্ত্রণালয়ের (মাধ্যমিক ও উচ্চ বিভাগে) সিনিয়র সিস্টেমস অ্যানালিস্ট মোফাখখারুল ইসলাম স্বাক্ষরিত এক চিঠিতে জানা গেছে, এ বছর দুটি বিশ্ববিদ্যালয়কে (সরকারি ও বেসরকারি) এ পুরস্কার দেওয়া হবে, যার মধ্যে সরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে শাবিপ্রবি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় হিসেবে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়কে মনোনয়ন দিয়েছে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। ৬ থেকে ৯ ডিসেম্বর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত 'ডিজিটাল ওয়ার্ল্ড' সম্মেলনে এ পুরস্কার দেওয়া হবে।

এ বিষয়ে শাবিপ্রবির উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ বলেন, 'দেশের প্রথম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় হচ্ছে শাবিপ্রবি। অনলাইনে ভর্তি কার্যক্রমও প্রথম শুরু করেছে এ বিশ্ববিদ্যালয়। এসব কাজের স্বীকৃতিস্বরূপ সরকার এ পুরস্কারের জন্য আমাদের মনোনীত করেছে।' ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম এম শহীদুল হাসান বলেন, 'বিশ্ববিদ্যালয়ে না এসেও অনলাইনে ভর্তির আবেদনের সুযোগ মিলে থাকে। পাশাপাশি অনলাইনেই চলে পুরো বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম। ফলে যে কেউ টেন্ডার বা কাজের হালনাগাদ তথ্য সহজে জানতে পারেন। এক লাখেরও বেশি ই-বুক রয়েছে গ্রন্থাগারে। এসব কারণে মূলত 'ডিজিটাল ওয়ার্ল্ড' পুরস্কারের জন্য ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়কে মনোনীত করা হয়েছে।'